

DA/AP
 ৩য় পর্বের জে.সি.সি.সি.সি.
 ৩য় পর্বের জে.সি.সি.সি.সি.
 ৩য় পর্বের জে.সি.সি.সি.সি.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর
 (স্থানীয় সরকার শাখা)
 (www.faridpur.gov.bd)

স্মারক নং- ০৫.১২.২৯০০.০১০.১১.০০২.২১- ২৬৬

তারিখ: ২৫ কার্তিক, ১৪২৮ বঙ্গাব্দ
 ৬ অক্টোবর, ২০২১ খ্রিস্টাব্দ

“ নিয়োগ বিজ্ঞপ্তি ”

ফরিদপুর জেলার নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদ সচিবের শূন্য পদ পূরণের জন্য অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য কেবলমাত্র ফরিদপুর জেলার স্থায়ী বাসিন্দারের নিকট হতে স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের নাম	বেতন গ্রেড	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
ইউনিয়ন পরিষদ সচিব	গ্রেড : ১৪ টাকা ১০২০০ - ২৪৬৮০/- জাতীয় বেতনস্কেল ২০১৫	০৯ (নয়)টি	কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে নূনতম দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের পরীক্ষায় পাশ।


শর্তাবলী

- আবেদনপত্র জেলা প্রশাসক, ফরিদপুর বরাবরে আগামী ৩০/১১/২০২১ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে (ছুটির দিন ব্যতীত) ডাকযোগে প্রেরণ করতে হবে। এ কার্যালয়ে সরাসরি বা হাতে হাতে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। অসম্পূর্ণ, ক্রটিপূর্ণ ও নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে।
- আগামী ৩০/১১/২০২১ তারিখে আবেদনকারী বয়স ১৮ - ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানের ক্ষেত্রে ৩২ বছর শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- আবেদনপত্রে আবেদনকারীকে (ক) নাম (সুস্পষ্টভাবে) (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (৩০/১১/২০২১ তারিখে) (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) অভিজ্ঞতা (বদি থাকে) উল্লেখসহ (ট) শিক্ষাগত যোগ্যতার বিবরণ নিয়ে বর্ণিত ছকে প্রদান করতে হবে।

পরীক্ষার নাম	শিক্ষা প্রতিষ্ঠানের নাম	শিক্ষা বোর্ড/বিশ্ববিদ্যালয়ের নাম	প্রাপ্ত বিভাগ/শ্রেণি/জিপিএ	পাশের সন	মন্তব্য
--------------	-------------------------	-----------------------------------	----------------------------	----------	---------

- চাকরীরত প্রার্থীদের ক্ষেত্রে অন্যান্য শর্ত প্রতিপালন সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন পত্র পৌছাতে হবে। এ ক্ষেত্রে আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।
- আবেদনপত্রের সাথে যেসকল কাগজপত্র সংযুক্ত করতে হবে :
 - প্রার্থীর সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি (৯ম গ্রেড বা তদুর্ধ্ব গ্রেডের গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামাংকিত সীল মোহরসহ সত্যায়িত।
 - ৯ম গ্রেড বা তদুর্ধ্ব গ্রেডের গেজেটেড কর্মকর্তা কর্তৃক সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি/অনুলিপি।
 - ৯ম গ্রেড বা তদুর্ধ্ব গ্রেডের গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
 - প্রার্থীর নিজ এলাকায় পৌরসভার মেয়র/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের মূল সনদপত্র।
 - আবেদনপত্রের সাথে জেলা প্রশাসক, ফরিদপুর বরাবরে যে কোন তফসিলী ব্যাংক থেকে উত্তোলনযোগ্য ৪০০/- (চারশত) টাকা মূল্যের (অফেরৎযোগ্য) পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট জমা দিতে হবে।
- প্রার্থী মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার সন্তান হলে সেক্ষেত্রে তার পিতা/মাতা মুক্তিযোদ্ধা এ মর্মে সনদপত্রের সত্যায়িত কপি (৯ম গ্রেড বা তদুর্ধ্ব গ্রেডের গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধা সনদপত্র বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিলের চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের প্রধান উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে।
- প্রতিদলের ক্ষেত্রে উপপরিচালক, জেলা সমাজসেবা অধিদপ্তর, ফরিদপুর, এর নিকট থেকে তালিকাভুক্তির সনদপত্রের কপি (৯ম গ্রেড বা তদুর্ধ্ব গ্রেডের গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) দাখিল করতে হবে।
- এতিমখানার নিবাসীদের ক্ষেত্রে এতিমখানার তত্ত্বাবধায়কের নিকট থেকে প্রত্যয়ন পত্রের (৯ম গ্রেড বা তদুর্ধ্ব গ্রেডের গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) কপি দাখিল করতে হবে।
- আনসার ডিডিপি'র ক্ষেত্রে জেলা কমান্ড্যান্ট কর্তৃক প্রদত্ত সনদপত্রের (৯ম গ্রেড বা তদুর্ধ্ব গ্রেডের গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) কপি দাখিল করতে হবে।
- বিবাহিত মহিলার ক্ষেত্রে আবেদনপত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।
- প্রার্থী নির্বাচনে সরকারী বিধি ও কোটা নির্ধারণ নীতিমালা অনুসরণ করা হবে।

- ১২। বিধি মোতাবেক নিয়োগ প্রাপ্ত সচিবদের বেতনের ৭৫% সরকার কর্তৃক অবশিষ্ট ২৫% ইউনিয়ন পরিষদ কর্তৃক বহন করা হবে।
- ১৩। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
- ১৪। প্রার্থীকে খামের উপর “ ইউনিয়ন পরিষদ সচিব পদে নিয়োগের আবেদন” কথাটি স্পষ্টাকারে লিখতে হবে।
- ১৫। ডাকযোগে ইন্টারভিউ কার্ড প্রেরণের লক্ষ্যে নিজের নাম ঠিকানা সম্বলিত ৯" X ৪" সাইজের একটি আলাদা খাম, ৯ (নয়) টাকার ডাক টিকিটসহ আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ১৬। কর্তৃপক্ষ প্রয়োজনবোধে সরকারী নির্দেশনার আলোকে যে কোন শর্ত সংযোজন, বিয়োজন ও সংশোধন করতে পারবে।
- ১৭। অনিবার্য কারণে কর্তৃপক্ষ এ নিয়োগ কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।
- ১৮। চাকুরীর বিষয়ে কোন প্রকার প্রত্যক্ষ/পরোক্ষ তদবীর/সুপারিশকে প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য করা হবে।
- ১৯। আবেদন পত্র গ্রহণ বা বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।


(অতুল সরকার)

জেলা প্রশাসক
ফরিদপুর।


ফোন-০৬৩১-৬৩০২২

(Email:dcfaridpur@mopa.gov.bd)

স্মারক নং- ০৫.১২.২৯০০.০১০.১১.০০২.২১- ৫৬৬ (১৫০)

তারিখ : ১৫ কার্তিক, ১৪২৮ বঙ্গাব্দ
৬ অক্টোবর, ২০২১ খ্রিষ্টাব্দ

- ০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ০৩। মহাপরিচালক, মনিটরিং ইন্সপেকশন, ইভ্যালুয়েশন উইং, স্থানীয় সরকার বিভাগ, ঢাকা।
- ০৪। জেলা প্রশাসক (সকল)।
- ০৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ফরিদপুর।
- ০৬। পুলিশ সুপার, ফরিদপুর।
- ০৭। মেয়র,, ফরিদপুর।
- ০৮। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ফরিদপুর।
- ০৯। উপজেলা নির্বাহী অফিসার, (সকল), ফরিদপুর।
- ১০। জেলা তথ্য অফিসার, ফরিদপুর। তাঁকে উপর্যুক্ত বিজ্ঞপ্তিটি বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ১১। সম্পাদক.....। তাকে উপর্যুক্ত বিজ্ঞপ্তিটি আগামীখ্রি:
তারিখের মধ্যে দৈনিক পত্রিকার ভিতরের পাতায় ০১ (এক) দিনের জন্য (১০"X৩") কলামে ছাপানোর জন্য অনুরোধ করা হলো।
- ১২। চেয়ারম্যানইউনিয়ন পরিষদ (সকল), ফরিদপুর।
- ১৩। জেলা প্রশাসকের কার্যালয়ের নোটিশ বোর্ড।
- ১৪। অফিস কপি/মাস্টার ফাইল।


জেলা প্রশাসক
ফরিদপুর।